



বাংলাদেশ স্ট্যান্ডার্ডস এন্ড টেস্টিং ইনস্টিটিউশন

শিল্প মন্ত্রণালয়

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার

মান ভবন, ১১৬/ক, তেজগাঁও শিল্প এলাকা, ঢাকা-১২০৮

ফোন: ৮৮৭০২৭৫, ৮৮৭০২৭৭, ৮৮১১৬৬৬৫, ৮৮৭০২৭৮, ৮৮৭০২৭৯, ৮৮৭০২৮০, ৮৮৭০২৮১
Fax: 9131581, E-mail: dg@bsti.gov.bd, bsti@bangla.net, Website: http://www.bsti.gov.bd




স্মারক নং: ৩৬.০৫.০০০০.১০১.১৮.০০১.১৭ -৬৩৭

তারিখ: ২৪ জ্যৈষ্ঠ ১৪২৮ বঙ্গাব্দ
০৭ জুন ২০২১ খ্রিস্টাব্দ

অফিস আদেশ

আদিষ্ট হয়ে জানানো যাচ্ছে যে, বিএসটিআই'র সিএম উইংয়ের অধীন ফিল্ড অফিসারগণের দায়িত্ব হচ্ছে মাঠ পর্যায়ে উৎপাদিত পণ্যের কারখানা পরিদর্শন, নমুনা সংগ্রহ বিএসটিআই'র পরীক্ষণ ল্যাবে প্রেরণ এবং মোবাইল কোর্ট পরিচালনায় সহায়তা প্রদান, সার্ভিল্যান্স কার্যক্রম ও খোলা বাজার থেকে নমুনা সংগ্রহ করা। অন্যদিকে, মেট্রিক পদ্ধতির বাস্তবায়ন, সঠিক ওজন ও পরিমাপ নিশ্চিতকরণের জন্য মাঠ পর্যায়ে ওজন ও পরিমাপের ভেরিফিকেশন, মোবাইল কোর্টে সহায়তা প্রদান ও সার্ভিল্যান্স কার্যক্রম পরিচালনা মেট্রোলজি উইংয়ের অধীন পরিদর্শকগণের ওপর দায়িত্ব অর্পিত আছে।

লক্ষ্য করা যাচ্ছে যে, ফিল্ড অফিসার ও পরিদর্শকগণ উপরোক্ত কাজ ছাড়াও অফিসের নথি উপস্থাপন, নথি সংরক্ষণ, পত্র জারিসহ অন্যান্য দাপ্তরিক কাজ করছেন। এতে তাঁদের মূল দায়িত্বের ব্যাঘাত ঘটছে। এমতাবস্থায়, সিএম উইংয়ের অধীন ফিল্ড অফিসারগণ এবং মেট্রোলজি উইংয়ের পরিদর্শকগণ নথি উপস্থাপন, নথি সংরক্ষণ, পত্র জারি ইত্যাদি কোন কার্যক্রমের সাথে সংযুক্ত হবেন না এবং তাঁদের মূল দায়িত্ব যথাযথভাবে সম্পাদন করবেন। সংশ্লিষ্ট উইংয়ের সহকারী পরিচালকগণ নথি উপস্থাপন, নথি সংরক্ষণ, পত্র জারিসহ অন্যান্য দাপ্তরিক কাজ সম্পন্ন করবেন।


(মোঃ জাহের জামিল)
পরিচালক (প্রশাসন)

বিতরণ:

- ১) পরিচালক (পদার্থ/মেট্রোলজি/সিএম/রসায়ন/মান), বিএসটিআই, ঢাকা।
- ২) পরিচালক, বিএসটিআই বিভাগীয় অফিস, খুলনা/চট্টগ্রাম/রাজশাহী।
- ৩) উপপরিচালক ও অফিস প্রধান বিএসটিআই বিভাগীয় অফিস, বরিশাল/ময়মনসিংহ/সিলেট/ ডিএমআই/রংপুর।
- ৪) উপপরিচালক ও অফিস প্রধান বিএসটিআই জেলা অফিস, ফরিদপুর/কুমিল্লা/কক্সবাজার।
- ৫) প্রোগ্রামার, আইসিটিসেল, বিএসটিআই, ঢাকা [ওয়েবসাইটে আপলোডের অনুরোধসহ]।

অনুলিপি (সদয় অবগতির জন্য):

পিএ টু মহাপরিচালক, বিএসটিআই, ঢাকা।